

## সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বিশ্বায়নের এ যুগে প্রগতিশীল সমাজ গড়ে তোলার লক্ষ্যে নারীর অধিকার, ক্ষমতায়ন ও কর্মবান্ধব পরিবেশ সৃষ্টি অত্যাবশ্যিক। মহিলা বিষয়ক অধিদপ্তর রাষ্ট্র ও সমাজের মূল স্রোতধারায় নারী উন্নয়ন ও অধিকার প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে। গত ৩ বছরে ভিডল্লিউবি কার্যক্রমের মাধ্যমে ২৩১২৫ জন দরিদ্র মহিলাকে ২০৮১.২৫ মেঃ টন খাদ্য সহায়তা, মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ১৯১৮৮ জনকে সহায়তা প্রদান, ৫৪৫ জন নারীকে ৮২,৪০,০০০/- টাকা ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়েছে। ৩০৮০ জন নারীকে আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান, নারীকে “জয়িতা” নির্বাচন ও পুরস্কৃত করা হয়েছে। দরিদ্র মহিলাদের মধ্যে ৮৪ টি সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। প্রায় ৮০% বাল্যবিয়ে বন্ধ করা হয়েছে। জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১ বাস্তবায়ন জাতীয় কর্মপরিকল্পনা-২০১৩ অনুযায়ী বিভিন্ন কর্মসূচি গ্রহন করা হয়েছে।